# Meltix

Flupentixol BP 0.5 mg & Melitracen INN 10 mg

## Composition

**Meltix Tablet**: Each film coated tablet contains Flupentixol Hydrochloride BP equivalent to 0.5 mg Flupentixol and Melitracen Hydrochloride INN equivalent to 10 mg Melitracen.

## Pharmacology

Flupentixol is a neuroleptic with anxiolytic and antidepressant properties of its own when given in small doses and Melitracen is a bipolar thymoleptic with activating properties in low doses. In combination, the compounds render a preparation with antidepressant, anxiolytic and activating properties.

## Indications

It is indicated in various types of anxiety, depression and apathy. These include- ◆ Psychogenic depression ◆ Depressive neurosis ◆ Masked depression ◆ Psychosomatic affections accompanied by anxiety and apathy ◆ Menopausal depression ◆ Dysphoria and depression in alcoholics and drug-addicts.

## Dosage & Administration

**Adults:** Usually 2 tablets daily at morning and noon. In severe cases the morning dose may be increased to 2 tablets. **Elderly patients:** 1 tablet in the morning. **Maintenance dose:** Usually 1 tablet in the morning. In cases of insomnia or severe restlessness additional treatment with a sedative is recommended in acute phase **or as directed by the physician.**

## Contraindications

Not recommended in the immediate recovery phase after myocardial infarction, defects in bundle-branch conduction, untreated narrow angle glaucoma, acute alcohol, barbiturate & opiate intoxications, patients who have received a monoamine oxidase inhibitors within two weeks, excitable or overactive patients.

## Warnings & Precautions

If previously the patient has been treated with tranquilizers having sedative effect, then that should be withdrawn gradually.

## Side Effects

When taken in recommended dose, side-effects are rare. Those could be transient restlessness and insomnia.

## Use in Pregnancy & Lactation

Flupentixol & Melitracen should preferably not be given during pregnancy and lactation.

## Use in Children & Adolescents

Not recommended due to unavailablity of adequate safety data.

## Drug Interactions

Flupentixol & Melitracen may enhance the response to alcohol, barbiturates and other CNS depressants. Simultaneous administration of monoamine oxidase inhibitors may cause hypertensive crisis. Neuroleptics and thymoleptics reduce the antihypertensive effects of guanethidine and similar acting compounds and thymoleptics enhance the effects of adrenaline and noradrenaline.

## Overdosage

In cases of overdosage, the symptoms of intoxication by Melitracen, especially of anticholinergic nature, dominate. Extrapyramidal disorder due to Flupentixol occurs rarely.

## Storage

Store below 30°C, keep away from light and in a dry place. Keep all medicines out of the reach of children.

## Packing

**Meltix Tablet**: Each box contains 10 x 10 tablets in blister pack and an insert.


Manufactured by:
**Navana Pharmaceuticals PLC.**
Rupshi, Rupganj, Narayanganj, Bangladesh

NCLT0394_02-24_04

NAVANA PHARMA

# মেলটিক্স

ফ্লুপেনটিক্সল বিপি ০.৫ মি.গ্রা. এবং মেলিট্রাসিন আইএনএন ১০ মি.গ্রা.

## উপাদান

**মেলটিক্স ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে রয়েছে ফ্লুপেনটিক্সল হাইড্রোক্লোরাইড বিপি যা ০.৫ মি.গ্রা. ফ্লুপেনটিক্সল এর সমতুল্য এবং মেলিট্রাসিন হাইড্রোক্লোরাইড আইএনএন যা ১০ মি.গ্রা. মেলিট্রাসিন এর সমতুল্য।

## ফার্মাকোলজি

ফ্লুপেনটিক্সল একটি নিউরোলেপ্টিক যা স্বল্পমাত্রায় দুশ্চিন্তা প্রশমনকারী এবং অবসন্নতাবিরোধী বৈশিষ্ট্য প্রদর্শন করে এবং মেলিট্রাসিন-একটি বাইপোলার থাইমোলেপ্টিক যার স্বল্পমাত্রায় সক্রিয়করণ বৈশিষ্ট্য রয়েছে। যৌথভাবে এই যৌগসমূহ এমন একটি প্রস্তুতি যা অবসন্নতাবিরোধী, দুশ্চিন্তা প্রশমনকারী এবং সক্রিয়করণ বৈশিষ্ট্য প্রদর্শণ করে।

## নির্দেশনা

বিভিন্ন ধরনের দুশ্চিন্তা, অবসন্নতা, উদাসীনতায় নির্দেশিত। এদের মধ্যে রয়েছে- ◆ সাইকোজেনিক ডিপ্রেশন ◆ ডিপ্রেসিভ নিউরোসিস ◆ মাস্কড্ ডিপ্রেশন ◆ সাইকোসোমাটিক এ্যাফেকশনের সাথে সংশ্লিষ্ট দুশ্চিন্তা এবং উদাসীনতা ◆ মেনোপজাল ডিপ্রেশন ◆ অ্যালকোহল সেবনকারী এবং মাদকাসক্তদের ডিপ্রেশন এবং ডিসফোরিয়া।

## মাত্রা ও সেবনবিধি

**প্রাপ্তবয়স্ক রোগীর ক্ষেত্রে:** সাধারণত দিনে ২টি ট্যাবলেট (সকালে এবং দুপুরে)। গুরুতর ক্ষেত্রে সকালের মাত্রা ২টি ট্যাবলেট পর্যন্ত বাড়ানো যেতে পারে। **বয়স্ক রোগীদের ক্ষেত্রে:** সকালে ১টি ট্যাবলেট। **দীর্ঘমেয়াদী সেবনমাত্রা:** সাধারণত ১টি ট্যাবলেট সকালে। নিদ্রাহীনতা অথবা মারাত্মক অস্থিরতার তীব্র পর্যায়ে সিডেটিভ দ্বারা বাড়তি চিকিৎসা নির্দেশিত **অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।**

## প্রতিনির্দেশনা

মায়োকার্ডিয়াল ইনফার্কশন-এর পরবর্তী আরোগ্যলাভের সময়, বান্ডল-ব্রাঞ্চ পরিবহনের সমস্যা, চিকিৎসা করা হয়নি এমন ন্যারো অ্যাঙ্গেল গ্লুকোমা, তীব্র অ্যালকোহল, বারবিচুরেট এবং অপিয়েট বিষক্রিয়া, দুই সপ্তাহের মধ্যে মনোঅ্যামিন অক্সিডেজ ইনহিবিটর গ্রহণ করেছেন এমন রোগী, উত্তেজিত হয় এমন অথবা অতিরিক্ত সক্রিয় রোগীর ক্ষেত্রে নির্দেশিত নয়।

## সাবধানতা ও সতর্কতা

সিডেটিভ কার্যকারিতা আছে এমন ট্রাঙ্কুইলাইজারস্ দ্বারা যদি রোগীকে পূর্বে চিকিৎসা করা হয়ে থাকে তাহলে তা ধীরে ধীরে প্রত্যাহার করতে হবে।

## পার্শ্বপ্রতিক্রিয়া

নির্দেশিত মাত্রায় পার্শ্ব-প্রতিক্রিয়া খুব কম পরিলক্ষিত হয়। ক্ষণস্থায়ী অস্থিরতা এবং অনিদ্রা হতে পারে।

## গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে ব্যবহার

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ফ্লুপেনটিক্সল এবং মেলিট্রাসিন দেওয়া উচিত নয়।

## শিশু ও বয়:সন্ধিকালীন ব্যবহার

নিরাপত্তার পর্যাপ্ত তথ্য না থাকায় এর ব্যবহার অনুমোদিত নয়।

## অন্য ওষুধের সাথে প্রতিক্রিয়া

ফ্লুপেনটিক্সল এবং মেলিট্রাসিন এ্যালকোহল, বারবিচুরেটস্ এবং অন্যান্য সিএনএস ডিপ্রেসেন্টস্-এর প্রতিক্রিয়া বাড়াতে পারে। মনোঅ্যামিন অক্সিডেজ ইনহিবিটরস্-এর সাথে একত্রে ব্যবহার হাইপারটেনসিভ সংকট ঘটাতে পারে। নিউরোলেপ্টিকসমূহ এবং থাইমোলেপ্টিকসমূহ গুয়ানেথিডিন এবং একই ধরনের যৌগসমূহের উচ্চরক্তচাপবিরোধী কার্যকারিতা কমাতে পারে এবং থাইমোলেপ্টিকসমূহ অ্যাড্রেনালিন এবং নরঅ্যাড্রেনালিন-এর কার্যকারিতা বাড়ায়।

## অতিমাত্রা

অতিমাত্রার ক্ষেত্রে মেলিট্রাসিন দ্বারা নেশার লক্ষণগুলো বিশেষত এন্টিকোলিনার্জিক সম্পর্কিত লক্ষণসমূহ পরিলক্ষিত হয়। ফ্লুপেনটিক্সলের কারণে খুব কম এক্সট্রাপিরামিডাল ডিসঅর্ডার দেখা দেয়।

## সংরক্ষণ

৩০°সে. তাপমাত্রার নীচে, আলো থেকে দূরে ও শুষ্ক স্থানে রাখুন। সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

## মোড়ক

**মেলটিক্স ট্যাবলেট:** প্রতিটি বাক্সে রয়েছে ১০ x ১০টি ট্যাবলেট ব্লিস্টার প্যাকে এবং একটি নির্দেশিকা।


প্রস্তুতকারক:
**নাভানা ফার্মাসিউটিক্যালস্ পিএলসি.**
রূপসী, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ


নাভানা ফার্মা